পরিচালকবৃন্দের প্রতিবেদন

বিস্‌মিল্লাহির রাহমানির রাহিম

সম্মানিত শেয়ারহোল্ডারগণ, সহকর্মীবৃন্দ এবং ভার্চুয়াল সভায় সংযুক্ত অতিথিবৃন্দ।

আস্‌সালামু আলাইকুম।

আজিজ পাইপস্ লিমিটেড এর পরিচালনা পর্ষদের পক্ষ থেকে ৪০তম ভার্চুয়াল বার্ষিক সাধারণ সভায় আপনাদের সকলকে স্বাগত জানাচ্ছি এবং ৩০ জুন ২০২১ তারিখে সমাপ্ত অর্থবছরের নিরীক্ষিত আর্থিক বিবরণী ও পরিচালকবৃন্দের প্রতিবেদন উপস্থাপন করছি।

১। কোম্পানির কার্যক্রমের উপর সংক্ষিপ্ত পর্যালোচনা ঃ

আজিজ পাইপস্ লিমিটেড গুনগত মাণসম্পন্ন ইউপিভিসি পাইপ উৎপাদনকারী প্রতিষ্ঠান হিসেবে পণ্যের গুণ ও মান বজায় রেখে বিগত ৩৬ বছর যাবত উৎপাদন কার্যক্রম পরিচালনা করে আসছে। বৈশ্বিক মহামারী করোনা ভাইরাসের প্রাদুর্ভাবে বিশ্ব অর্থনীতি সংকোচিত হয়েছে, এর প্রভাবে কোম্পানির সংকটের গভীরতা আরও তীব্রতর রূপ নিয়েছে। আপনারা অবগত আছেন যে, বিগত ৪ বছর কোম্পানি মুনাফা অর্জন করায় যথাক্রমে ৫% স্টক, ৫% স্টক এবং ৭% নগদ ১% নগদ লভ্যাংশ প্রদান করেছে। কোভিড-১৯ করোনা ভাইরাসের প্রাদুর্ভাবে আমাদের শিল্প প্রতিষ্ঠান সাময়িকভাবে বন্ধ থাকায় উৎপাদন ও বিক্রয় কার্যক্রম বহুলাংশে হ্রাস পাওয়ায় কোম্পানি আর্থিক ক্ষতির সম্মূখিন হয়েছে। কোম্পানি ৩০ জুন ২০২১ তারিখে সমাপ্ত অর্থবছরে ৪,৩৯৩,৩০৭/- টাকা নীট লোকসান হয়েছে। তাছাড়া কোম্পানি ঋণখেলাপী হওয়ায়, চলতি মূলধনের অভাব, ঋণ দায়গ্রস্থসহ নানা প্রতিকূলতার সম্মূখীন হচ্ছে যাতে করে আগামিতে কোম্পানি পরিচালনা করা কঠিন হয়ে পড়তে পারে বলে আমরা আশংকা প্রকাশ করছি।

২। আর্থিক ফলাফল ঃ

৩০ জুন ২০২১ তারিখে সমাপ্ত বছরের আর্থিক ফলাফল এবং বিগত পাঁচ বৎসরের আর্থিক ফলাফলের একটি তুলনামূলক চিত্র নিম্নে তুলে ধরা হলো ঃ

(টাকায়)

বিবরণ	৩০ জুন ২০২১	৩০ জুন ২০২০	৩০ জুন ২০১৯ (Restated)	৩০ জুন ২০১৮	৩০ জুন ২০১৭
১। বিক্রয়	১৫২,৩৮৭,৯১৫	২২৭,০৭৫,৬৮৭	৩১১,১৩০,৯৪২	২৫২,৪৭৩,৮৫৬	২৩৩,৪৬৬,২৪৮
২। বাদঃ বিক্রিত পণ্যের ব্যয়	১৩৪,৯৫৩,১১৩	১৯৫,৪৪১,১০২	২৭৪,৭৩৩,৯৩৭	২২১,৯৩২,৩৫৭	২০৭,২৬২,৯১৬
৩। মোট লাভ (১-২)	১৭,৪৩৪,৮০২	৩১,৬৩৪,৫৮৫	৩৬,৩৯৭,০০৫	৩০,৫৪১,৪৯৯	২৬,২০৩,৩৩২
৪। বাদঃ পরিচালন খরচ	২২,৭০৯,২৮৯	২৯,৪১৬,১২৪	২৯,৭৯৬,৬৫৩	২৬,৫৮৯,৪৮৭	২৩,১৩৯,৪৮৩
৫। পরিচালন লাভ/(ক্ষতি) (৩-৪)	(৫,২৭৪,৪৮৭)	২,২১৮,৪৬১	৬,৬০০,৩৫২	৩,৯৫২,০১২	৩,০৬৩,৮৪৯
৬। প্রাক উৎপাদন খরচ সমন্বয়	-	-	-	-	-
৭। বাদঃ শ্রমিকদের মুনাফা তহবিল	-	১০৫,৯৪৬	২৬২,১২০	১৯৭,৬০১	১৫৩,১৫৭
৮। বাদঃ আয়কর সঞ্চিতি	(১,১১৮,২৯৫)	৭২৭,৫৯৬	১,২২২,৫৮১	২০৯,৪৭৮	১৫১,৯৮৩
৯। পূর্ববর্তী বছরের সমন্বয়	-	-	২৫৭,৫৬৪	-	-
১০। নীট লাভ/(ক্ষতি)	(৪,৩৯৩,৩০৭)	১,৩৯১,৩১৮	৪,৮৬১,৬২৯	৩,৫৪৪,৯৩৩	২,৭৫৮,৭০৯
১১। শেয়ার প্রতি আয়	(০.৮২)	.২৬	.৯১	.৭০	.৫৭

৩। নীট লোকসান ঃ ২০২০-২০২১ আর্থিক বছরে কোম্পানির ৪,৩৯৩,৩০৭/- টাকা নীট লোকসান হয়েছে।

৪। লভ্যাংশঃ ২০২০-২০২১ আর্থিক বছরে কোম্পানি ৪,৩৯৩,৩০৭/- টাকা নীট লোকসান করেছে। এবছরে নীট লোকসান হওয়ায় পুঞ্জীভূত লোকসানের পরিমান ৪৫৬,৮৮৮,৬৬৩/- টাকা। ফলে এ আর্থিক বছর লভ্যাংশ ঘোষণা করা হয়নি।

৫। অন্তর্বর্তীকালীন লভ্যাংশ ঃ চলতি বছরে অন্তর্বর্তীকালীন সময়ে লভ্যাংশ প্রদানের মত মুনাফা অর্জিত না হওয়ায় অন্তর্বর্তীকালীন লভ্যাংশ প্রদান করা হয়নি।

৬। পরিকল্পনা বাস্তবায়নঃ পরিচালনা পর্ষদে কোম্পানির উন্নয়নকল্পে গৃহীত পরিকল্পনাসমূহের বাস্তবায়ন পরিস্থিতি নিম্নে বর্ণিত হলঃ

ক) পরিচালন ব্যয় কমানোর পদক্ষেপ গ্রহণ করার ফলে আর্থিক সাশ্রয় হয়েছে, যা এখনও অব্যাহত আছে।

খ) সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট থেকে বিলম্বে পরিশোধের শর্তে ক্রয়কৃত কাঁচামাল সময়মত সরবরাহ না করায় উৎপাদন কার্যক্রমের ধারাবাহিকতা ব্যাহত, উৎপাদনের প্রধান উপকরণ রেজিনের অত্যাধিক মূল্যবৃদ্ধি ও দুস্প্রাপ্যতার কারণে লক্ষ্যপূরন সম্ভব হয়নি।

গ) ডাচ্ বাংলা ব্যাংক লিঃ এর ঋণের বিষয়ে কোর্টের মাধ্যমে সোলেনামা সম্পাদিত হয়েছে। সোলেনামায় উল্লেখিত "CIB Status of the borrower respondents (2nd Part) would remain same (i.e. BI.W) until full adjustment of the settlement amount". এ বিষয়ে আপত্তি আছে মর্মে ব্যাংকে আবেদন করা হয়েছে।

ঘ) উত্তরা ব্যাংক লিঃ এর ঋণ পুনঃতফসিলিকরণের জন্য আবেদন করা হয়েছে।

৭। ভবিষ্যৎ পরিকল্পনাঃ কোম্পানির কার্যক্রম বৃদ্ধি এবং প্রতিবন্ধকতা দূর করে সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে পর্ষদে ২০২১-২০২২ আর্থিক বছরের জন্য নিম্নলিখিত পরিকল্পনা গ্রহণ করা হয়েছেঃ

ক) চলতি মূলধন/তহবিল সংগ্রহের ব্যবস্থার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ;

খ) নিজস্ব উদ্যোগে কাঁচামাল আমদানীর পদক্ষেপ গ্রহণ, তবে এক্ষেত্রে CIB এর রিপোর্ট প্রধান অন্তরায় হবে, যা সমাধানের চেষ্টা চালানো হচ্ছে।

গ) কোম্পানির উৎপাদন কার্যক্রম গতিশীল রাখার জন্য CIB এর রিপোর্ট অনুকূলে আসলে মেশিনারীজসমূহের BMRE এর পদক্ষেপ গ্রহণ করা হবে।

পরিকল্পনাসমূহ বাস্তবায়নের ক্ষেত্রে প্রতিবন্ধকতাসমূহ দূরীভূত করার প্রচেষ্টা অব্যাহত রাখা, তা না হলে কোম্পানির কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনায় অনিশ্চিয়তা দেখা দিবে।

৮। **আগামি আর্থিক বছরের প্রত্যাশাঃ** কোম্পানির বর্তমান সমস্যাসমূহঃ চলতি মূলধনের অভাব, স্থানীয় বাজারে কাঁচামালের উচ্চমূল্য, সরবরাহকারীগণ বাকিতে কাঁচামাল সরবরাহে অপারগতা প্রকাশ, ঋণ পুনঃতফসিলিকরণ এবং CIB তালিকা থেকে কোম্পানির নাম বাদ দেয়ার ক্ষেত্রে ব্যাংক গুলোর কোন উদ্যোগ গ্রহণ না করা। এই সমস্যাগুলো বাস্তবতার নিরিখে কঠিন ও প্রত্যাশা থেকে দুরে থাকলেও কোম্পানির সর্বাত্নক প্রচেষ্টা থাকবে তার কার্যক্রম অব্যাহত রাখা।

৯। **কোম্পানির পণ্যসমূহ ঃ** কোম্পানি আন্তর্জাতিক মানের গুণগত মানসম্পন্ন ইউপিভিসি পাইপ ও পিভিসি প্রোফাইল প্রস্তুত ও বাজারজাত করে থাকে।

১০। বিক্রিত পণ্যের ব্যয় বিশ্লেষন, মোট প্রান্তিক মুনাফা এবং নীট প্রান্তিক মুনাফা ঃ

ক) **বিক্রিত পণ্যের ব্যয় ঃ** চলতি বছরে বিক্রিত পণ্যের ব্যয় ছিল ১৩৪,৯৫৩,১১৩/- টাকা যা বিগত বছরে ছিল ১৯৫,৪৪১,১০২/- টাকা। চলতি বছরের শেষ প্রান্তিকে উৎপাদন কার্যক্রম বন্ধ থাকার কারণে বিক্রয়ের পরিমান উল্লেখযোগ্য হারে হ্রাস পাওয়াতে বিক্রিত পণ্যের ব্যয় কমেছে ৬০,৪৮৭,৯৮৯/- টাকা।

খ) **মোট মুনাফা ঃ** ৩০ জুন ২০২১ সমাপ্ত অর্থবছরে কোম্পানি মোট বিক্রয় করেছে ১৫২,৩৮৭,৯১৫/- টাকা। গত বছরের বিক্রয়ের পরিমান ছিল ২২৭,০৭৫,৬৮৭/- টাকা। এ বছর মোট মুনাফা হয়েছে ১৭,৪৩৪,৮০২/- টাকা যা গত বছর ছিল ৩১,৬৩৪,৫৮৫/- টাকা।

গ) **নীট মুনাফা/লোকসান ঃ** চলতি বছর কর পরবর্তী নীট লোকসান হয়েছে ৪,৩৯৩,৩০৭/- টাকা। বিক্রয় হ্রাস পাওয়ায় গত বছরে নীট মুনাফা হলেও এ বছরে নীট লোকসান হয়েছে।

১১। **উৎপাদিত পণ্যের ব্যয় ঃ** নিজস্ব উদ্যোগে সরাসরি L/C খুলে কাঁচামাল আমদানী করার সুযোগ না থাকায় স্থানীয় সরবরাহকারীর নিকট থেকে বাঁকিতে তুলনামূলক বেশী মূল্যে কাঁচামাল ক্রয় করার কারণে উৎপাদিত পণ্যের ব্যয়ের (COGS) হার তুলনামূলকভাবে বেশী হয়।

১২। **খাতওয়ারি অথবা পণ্য ভিত্তিক ফলাফল ঃ** পণ্য বিক্রয়ের বিবরণ নিম্নে দেওয়া হ'লঃ

ইউপিভিসি এবং এএসটিডি পাইপ- ৯৫৩.৬৫ মেঃটন, গ্রেড পাইপ-৬৭ মেঃটন এবং প্রোফাইল-৪৫ মেঃ টন সর্বমোট= ১০৬৫.৬৫ মেঃটন

১৩। গত বছরের পরিচালনগত ফলাফলের সহিত চলতি বছরের ব্যবধান ঃ

গত বছরের তুলনায় চলতি বছরে বিক্রয় হ্রাস পেয়েছে ৩২.৮৯ শতাংশ কারণ করোনার কারণে দেশব্যাপী কার্যক্রম প্রায় স্থবির থাকায় এবং কোম্পানির উৎপাদন কিছুদিন বন্ধ থাকায় এরূপ ব্যবধান পরিলক্ষিত হয়েছে।

১৪। **মূলধনী বিনিয়োগ ঃ** কোম্পানির উৎপাদন অব্যাহত রাখার জন্য চলতি বছরে প্রায় ১.০৭ লক্ষ টাকার মূলধনী সহায়ক যন্ত্রপাতি ক্রয়ে বিনিয়োগ হয়েছে।

১৫। **অস্বাভাবিক লাভ বা ক্ষতি ঃ** কোভিড-১৯ করোনা ভাইরাসের প্রাদুর্ভাবে কারখানায় উৎপাদন কার্যক্রম এবং বিক্রয় ব্যাহত হওয়ায় ক্ষতি হয়েছে প্রায় ১.০০ কোটি টাকা। সরকার ঘোষিত প্রণোদনার আওতায় কোম্পানিকে অন্তর্ভূক্ত না করায় ক্ষতি মারাত্নকভাবে কার্যক্রম পরিচালনায় প্রভাব ফেলেছে।

১৬। অবন্টিত/অদাবীকৃত লভ্যাংশ এর টাকা "ক্যাপিটাল মার্কেট স্ট্যাবিলাইজেশন ফান্ডে" জমা প্রদানঃ

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এর ১৪ জানুয়ারী ২০২১ তারিখের নির্দেশনা নং-বিএসইসি /সিএফআরআরসিডি/ ২০২১-৩৮৬/০৩ এবং বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, ক্যাপিটাল মার্কেট স্ট্যাবিলাইজেশন ফান্ড বিধি ২০২১ অনুযায়ী কোম্পানির তিন বছর ও এর পূর্বের অবন্টিত/অদাবীকৃত লভ্যাংশের সর্বমোট ৭,২৫,৬২৮/- টাকা "ক্যাপিটাল মার্কেট স্ট্যাবিলাইজেশন ফান্ড" (CMSF), এ ২০-০৯-২০২১ তারিখে জমা প্রদান করা হয়েছে, টিকা-২৭। অবন্টিত/অদাবীকৃত শেয়ারহোল্ডারদের নামের তালিকা কোম্পানির Website এ দেওয়া হয়েছে।

১৭। **আন্তঃসম্পর্কিত কোম্পানির লেনদেনসমূহ ঃ** এ বছর আন্তঃসম্পর্কিত কোন লেনদেন সম্পন্ন হয়নি।

১৮। **কোম্পানির কর্পোরেট প্রতিবেদন ঃ** বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড একচেঞ্জ কমিশনের দিক নির্দেশানুযায়ী পরিচালনা পর্ষদ শেয়ারহোল্ডারগণকে নিশ্চিত করছে যে,

(ক) কোম্পানির ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক প্রস্তুতকৃত আর্থিক বিবরণী পরিষ্কারভাবে এর কাজের অবস্থা, ফলাফল ও অর্থ প্রবাহের অবস্থা স্বচ্ছতার সাথে তুলে ধরা হয়েছে।

(খ) কোম্পানির হিসাব যথাযথভাবে নথিভূক্ত করা হয়েছে এবং সেগুলি সংরক্ষিত রয়েছে।

(গ) আর্থিক বিবরণীসমূহ প্রস্তুত করার ক্ষেত্রে যথাযথ নীতিমালা অনুসরণ করা হয়েছে এবং সে বিবরণীসমূহ বিচক্ষণতার সাথে সম্পন্ন করা হয়েছে।

(ঘ) বাংলাদেশের জন্য গৃহীত আন্তর্জাতিক হিসাব মান (IAS) এবং আন্তর্জাতিক আর্থিক প্রতিবেদন মান (IFRS) অনুসরণ করে আর্থিক বিবরণীসমূহ তৈরী করা হয়েছে এবং কোথাও কোন ব্যত্যয় থাকলে তা যথাযথভাবে প্রকাশ করা হয়েছে।

(ঙ) অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা সঠিকভাবে বাস্তবায়ন ও পর্যবেক্ষণ করা হয়েছে।

(চ) কোম্পানি একটি চলমান প্রকল্প হিসেবে চালু রয়েছে। টিকা-১.৭

(ছ) এ প্রতিবেদনে গত বৎসরের পরিচালন ফলাফল থেকে তাৎপর্যপূর্ণ বিচ্যুতির উপর আলোকপাত করা হয়েছে এবং তার কারণসমূহ ব্যাখ্যা করা হয়েছে।

(জ) পূর্ববর্তী পাঁচ বছরের আর্থিক ও পরিচালনার প্রধান তথ্যগুলি ২নং ও ৪৩নং ক্রমিকে সন্নিবেশিত হয়েছে।

(ঝ) ৩০ জুন ২০২১ তারিখে সমাপ্ত অর্থবছরে পরিচালনা পর্ষদের মোট ৬টি সভা অনুষ্ঠিত হয়েছে, সভায় পরিচালকবৃন্দের উপস্থিতির বিবরণ নিম্নে প্রদত্ত হলোঃ

ক্রমিক নং	পরিচালকগনের নাম	পদবী	সভা	উপস্থিতি
০১	জনাব মোঃ রিফাত হাসান	আইসিবি মনোনীত চেয়ারম্যান	১	১
	জনাব এ.টি.এম. আহমেদুর রহমান	”	৫	৫
০২	জনাব মোহাঃ আব্দুল হালিম	উদ্যোক্তা পরিচালক	৬	৬
০৩	জনাব মোঃ আহসান উল্লাহ্	উদ্যোক্তা পরিচালক		
	জনাব মোঃ মুকিত হালিম	বিকল্প পরিচালক	৬	৬
০৪	জনাব মোঃ আসাদ উল্লাহ্	পরিচালক		
	জনাব মোঃ মোস্তাসিন হালিম	বিকল্প পরিচালক	৬	৩
০৫	জনাব এ.টি.এম. আহমেদুর রহমান	আইসিবি মনোনীত পরিচালক	১	১
০৬	মিস্ হাছিনা আক্তার	আইসিবি মনোনীত পরিচালক	৪	৪
০৭	জনাব মোঃ নূরুল হক	স্বতন্ত্র পরিচালক	৬	৬
০৮	জনাব খন্দকার নূরুজ্জামান	স্বতন্ত্র পরিচালক	৬	৬

আইসিবি মনোনীত পরিচালক জনাব এ.টি.এম. আহমেদুর রহমানকে কোম্পানির চেয়ারম্যান পদে ২৩৫তম পর্ষদ সভায় নিয়োগ প্রদান করা হয়েছে এবং আইসিবি মনোনীত হাছিনা আক্তার কে ২৩৬তম পর্ষদ সভায় কোম্পানির পরিচালক হিসেবে নিয়োগ করা হয়েছে। পরিচালনা পর্ষদের ২৪১তম সভায় কোম্পানির উদ্যোক্তা পরিচালক জনাব মোহাঃ আহসান উল্লাহ্ এবং পরিচালক জনাব মোহাঃ আসাদ উল্লাহ্ তাঁদের স্থলে যথাক্রমে জনাব ইঞ্জিনিয়ার শাহজাহান শিকদার এবং জনাব এস.এম. হেমায়েত উদ্দিন কে বিকল্প পরিচালক হিসেবে নিয়োগের জন্য পর্ষদে আবেদন করায় তাঁদেরকে নিয়োগ প্রদান করা হয়েছে। যে সকল পরিচালকগণ সভায় উপস্থিত থাকতে পারেননি তাদের ছুটি পর্ষদ কর্তৃক অনুমোদন করা হয়েছে। পর্ষদ সভা ও সাব কমিটি সভায় উপস্থিতি ফি ১,৩০,০০০/- টাকা প্রদান করা হয়েছে। ভার্চুয়াল সভায় ফি প্রদান করা হয়নি। টিকা-৩০।

(ঞ) শেয়ার হোল্ডিং এর ধরণ নিরীক্ষিত হিসাব বিবরনীর ৯নং টিকায় উল্লিখিত হয়েছে।

i) কোম্পানির কোন সহযোগী প্রতিষ্ঠান নেই।

ii) পরিচালকগণ কর্তৃক ধারণকৃত শেয়ারের পরিমান ১ জুলাই ২০২০ থেকে ৩০ জুন ২০২১ পর্যন্ত নিম্নরূপ ছিল।

পরিচালকগণের নাম	পদবী	২৮.০২.২০২১ তারিখ পর্যন্ত		৩০.০৬.২০২১ তারিখে	
		শেয়ার সংখ্যা	শতাংশ (%)	শেয়ার সংখ্যা	শতাংশ (%)
জনাব মোহাঃ আব্দুল হালিম	উদ্যোক্তা পরিচালক	১১০৪৪২	২.০৭	১১০৪৪২	২.০৭
জনাব মোঃ আহসান উল্লাহ্	উদ্যোক্তা পরিচালক	২২৮২৯৮	৪.২৭	২২৮২৯৮	৪.২৭
জনাব মোঃ আসাদ উল্লাহ্	পরিচালক	২৫৭৭৯০	৪.৮২	২৫৭৭৯০	৪.৮২
আইসিবি ও আইসিবি ইউনিট ফান্ড	পরিচালক	১২১২৬৬৬	২২.৬৮	৬৮২৭৯৯	১২.৭৭
জনাব এ.টি.এম. আহমেদুর রহমান	আইসিবি ও আইসিবি ইউনিট ফান্ড মনোনীত পরিচালক	০ ০	০ ০	০ ০	০ ০
হাছিনা আক্তার					
জনাব মোঃ নূরুল হক	স্বতন্ত্র পরিচালক	০	০	০	০
জনাব খন্দকার নূরুজ্জামান	স্বতন্ত্র পরিচালক	০	০	০	০

CDBL এর মার্চ মাসের তথ্য থেকে জানা যায় আইসিবি ইউনিট ফান্ড শেয়ার বিক্রয় করায় পরিচালকগণের সম্মিলিত শেয়ার ধারণ কমেছে।

ব্যবস্থাপনা পরিচালক, কোম্পানি সচিব, প্রধান অর্থ কর্মকর্তা, প্রধান অভ্যন্তরীণ নিরীক্ষা ও কম্প্লায়েন্স কর্মকর্তা এবং তাদের স্ত্রীর কোম্পানির শেয়ার মালিকানার অবস্থান ৩০.০৬.২০২১ তারিখে নিম্নরূপ ছিল।

ক্রমিক নং	নাম	শেয়ারের সংখ্যা	স্ত্রীর নাম	শেয়ারের সংখ্যা
০১	মোঃ নুরুল আবছার ব্যবস্থাপনা পরিচালক	০	মিসেস নাজনীন আক্তার	০
০২	এএইচএম জাকারিয়া কোম্পানি সচিব	০	সাবরিনা নাইস	০
০৩	মোঃ রাশিদুল হাসান ব্যবস্থাপক (ফাইনান্স এন্ড একাউন্টস) ও প্রধান অর্থ কর্মকর্তা (সি.সি)	০	আয়েশা সিদ্দিকা	০
০৪	পাভেল আহমেদ অভ্যন্তরীণ নিরীক্ষা ও কম্প্লায়েন্স কর্মকর্তা	০	প্রযোজ্য নয়	০

iii) পরিচালক, প্রধান নির্বাহী কর্মকর্তা, কোম্পানি সচিব, প্রধান অর্থ কর্মকর্তা, প্রধান অভ্যন্তরীণ নিরীক্ষক ও কম্প্লায়েন্স কর্মকর্তা ব্যতীত শীর্ষ ৫ (পাঁচ) জন বেতনভুগী কর্মকর্তার শেয়ার মালিকানার অবস্থান ৩০.০৬.২০২১ তারিখে নিম্নরূপ ছিল ঃ

ক্রমিক নং	নাম	পদবী	শেয়ারের সংখ্যা
০১	শেখ ফরিদ আহমেদ	কারখানা ব্যবস্থাপক	০
০২	মোঃ মোস্তফা কামাল	সহঃ কারখানা ব্যবস্থাপক	০
০৩	মোঃ রেজাউল ইসলাম	শেয়ার কর্মকর্তা	০
০৪	কাজী মোঃ জসীম উদ্দিন	ক্যাশিয়ার	০
০৫	মোঃ মোস্তাকিম	হিসাব রক্ষক	০

iv) কেবলমাত্র আইসিবি ইউনিট ফান্ড ১০ শতাংশের বেশী শেয়ার ধারণ করছে।

১৯। পরিচালকবৃন্দের অবসর ও পুনর্নির্বাচন ঃ

i) পরিচালকদের সংক্ষিপ্ত জীবন বৃত্তান্ত বার্ষিক প্রতিবেদনের ৭ ও ৮নং পৃষ্ঠায় বর্ণিত রয়েছে।

ii) পরিচালকদের অভিজ্ঞতা তাঁদের জীবন বৃত্তান্তে উল্লেখ রয়েছে।

iii) ২০২০-২০২১ অর্থবছরে নিম্নলিখিত ব্যক্তিবর্গ কোম্পানির পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেছেন।

ক্রমিক নং	পরিচালকগনের নাম	পদবী	কার্যকাল	কমিটি পদ
০১	এটিএম আহমেদুর রহমান	পরিচালক	২৭/১০/২০১৬ তারিখে থেকে ১৯/০৮/২০২১ পর্যন্ত	
০২	মোহাঃ আব্দুল হালিম	পরিচালক	উদ্যোক্তা	
০৩	মোঃ আহসান উল্লাহ্	পরিচালক	উদ্যোক্তা	
০৪	মোঃ আসাদ উল্লাহ্	পরিচালক	কার্যক্রম শুরুথেকে পর্ষদে আছেন	
০৫	মিস্ হাছিনা আক্তার	আইসিবি মনোনীত পরিচালক	২৮/১০/২০২০ তারিখ থেকে পর্ষদে আছেন	
০৫	খন্দকার নূরুজ্জামান	স্বতন্ত্র পরিচালক	২৮/০৪/২০১৯ তারিখ থেকে ২য় মেয়াদে পর্ষদে আছেন	চেয়ারপারসন, NRC
০৬	মোঃ নূরুল হক	স্বতন্ত্র পরিচালক	০১/০৬/২০২১ তারিখ থেকে ২য় মেয়াদে পর্ষদে আছেন	চেয়ারপারসন,অডিট কমিটি

উদ্যোক্তা পরিচালক জনাব মোহাম্মদ আব্দুল হালিম কোম্পানির সংঘ বিধির ১২৮ ও ১২৯ ধারা অনুযায়ী পরিচালক পদ থেকে অবসর নিয়েছেন এবং উক্ত বিধির ১৩০ ধারা অনুযায়ী পুনর্নির্বাচনের ইচ্ছা প্রকাশ করেন, যোগ্যবিধায় তাঁকে পুনর্নিয়োগের সুপারিশ করা হ'ল। উল্লেখ্য যে, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের নোটিফিকেশন নং BSEC/CMRRCD/2006- 158/207/ Admin/80 তারিখঃ ৩ জুন ২০১৮ এর Condition ১.(২) (ব) মোতাবেক স্বতন্ত্র পরিচালকগণ ৩ (তিন) বৎসরের জন্য নিয়োগপ্রাপ্ত হওয়ায় স্বতন্ত্র পরিচালক জনাব খন্দকার নূরুজ্জামান ও জনাব মোঃ নূরুল হক কে অবসর ও পুনর্নির্বাচনের আওতায় নেওয়া হয়নি।

২০। চেয়ারপারসন পদে মনোনয়ন প্রদান ঃ আইসিবি মনোনীত পরিচালক কোম্পানির চেয়ারপারসন জনাব এ.টি.এম. আহমেদুর রহমান কে আইসিবি কর্তৃক প্রত্যাহার করে নেওয়ায় এবং তাঁর স্থলে অন্য কারও মনোনয়ন প্রদান না করায়, কোম্পানির পরিচালনা পর্ষদের ২৪০তম সভায় গৃহীত সিদ্ধান্ত মোতাবেক আইসিবি কর্তৃক মনোনীত পরিচালক মিস্ হাছিনা আক্তার কে চেয়ারপারসন হিসেবে মনোনয়ন প্রদান করা হয়েছে, যা অনুমোদনের জন্য বার্ষিক সাধারণ সভায় উপস্থাপন করা হলো।

২১। চলমান ব্যবসায়-প্রতিষ্ঠান ঃ পরিচালনা পর্ষদ প্রত্যাশা করে যদি কোম্পানি কোভিড-১৯ পরবর্তী পরিস্থিতি যথাযথভাবে মোকাবেলা, ঋণের দায় থেকে মুক্ত, চলতি মূলধনের ব্যবস্থা করণ, উৎপাদন ক্ষমতার যথাযথ ব্যবহার ও অবকাঠামোগত সম্পদের সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করা যায় তবে অত্র কোম্পানি ভবিষ্যতেও তার কার্যক্রম সুষ্ঠুভাবে চালিয়ে যেতে সক্ষম হবে। পুঁজিভূত লোকসানের পরিমান বৃদ্ধি হলেও আর্থিক বিবরণী প্রস্তুতকালে নিরীক্ষা কোম্পানির বিবেচনায় চলমান ধারাবাহিক প্রতিষ্ঠান হিসাবে গণ্য করা হয়েছে। টিকা-১.৭

২২। **অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ঃ** কোম্পানির অভ্যন্তরীণ নিরীক্ষা কমিটি বিদ্যমান রয়েছে কমিটি নিয়ন্ত্রণ ব্যবস্থা নিশ্চিত করছে এবং এক্ষেত্রে একজন অভ্যন্তরীণ নিরীক্ষক ও কম্প্লায়েন্স কর্মকর্তা দায়িত্ব পালন করছেন।

২৩। **আলোচ্য সময়ে নিরীক্ষকের প্রতিবেদনে উল্লেখিত মতামতের উপর আমাদের ব্যাখ্যা ঃ**

- **Differs Purchase :**

কোম্পানির উৎপাদিত পণ্যের কাঁচামাল ১০০% আমদানী নির্ভর হওয়া সত্ত্বেও কোম্পানির যেহেতু ব্যাংকিং সুবিধা গ্রহণ করে L/C খুলে কাঁচামাল আমদানীর সুযোগ নেই ফলে উৎপাদন কার্যক্রম অব্যাহত রাখার জন্য স্থানীয় সরবরাহকারীর নিকট থেকে কাঁচামালের মূল্য নির্দিষ্ট করার পরে সরবরাহকারীকে ATV Rebate পাওয়ার জন্য মূল্য ঘোষণা দিতে হয়। সরবরাহকারীর সাথে কাঁচামালের মূল্য নির্দিষ্ট (Fixed-up) হবার পরও ATV Rebate নেওয়ার জন্য সরবরাহকারীর cost price এর সাথে মূল্য সংযোজনের পর সরবরাহকারীর ঘোষণা মূল্য আমাদের মাসিক রিটার্নে জমা দিতে হয়, যেখানে সরবরাহকারী বিক্রয় মূল্য (আজিজ পাইপস্ লিঃ এর ক্রয়মূল্য) প্রকৃত বিক্রয় মূল্যের চেয়ে বেশী হবার প্রেক্ষিতে আজিজ পাইপের মাসিক দাখিলায় Purchase মূল্য বৃদ্ধি পায়, এই কারণে হিসাবে রক্ষিত ক্রয়মূল্যের সাথে মাসিক দাখিলায় (Monthly Return) ক্রয়মূল্য বেশী পরিলক্ষিত হয়। হিসেবে রক্ষিত ক্রয় মূল্যেই সরবরাহকারীকে পরিশোধ করা হয়। এক্ষেত্রে কোম্পানির আর্থিক বিবরণীতে কোন আর্থিক অবস্থার তারতম্য হয় না।

- **All Sponsors and Directors other than Independent Directors holds 23.93% of total shares.**

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এর নিয়মানুযায়ী পুজিবাজারে তালিকাভূক্ত কোম্পানির ক্ষেত্রে স্বতন্ত্র পরিচালক ছাড়া, উদ্যোক্তা পরিচালক এবং পরিচালকদের শেয়ার ধারণ সম্মিলিতভাবে ৩০ শতাংশ থাকার বাধ্যবাধকতা রয়েছে। ২০২০-২০২১ আর্থিক বছরের ফেব্রুয়ারী-২০২১ পর্যন্ত সম্মিলিত শেয়ার ধারণ ছিল ৩৩.৮৩ শতাংশ। ২০২১ সালের মার্চ মাসে এর পরিমান দাড়ায় ২৩.৯৩ শতাংশ। CDBL এর প্রতিবেদন মোতাবেক দেখা যায় ICB Unit Fund তাদের ৫২৯৮৬৭ টি শেয়ার বিক্রয় করেছে যা ৯.৯১ শতাংশ। ফলে কোম্পানির পরিচালকদের সম্মিলিত শেয়ার ধারণ দাড়ায় ২৩.৯৩ শতাংশ।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এর বিভিন্ন সময়ে জারীকৃত Notification/Directive অনুযায়ী মোট পরিশোধিত মূলধনের ৩০ শতাংশ শেয়ার উদ্যোক্তা ও পরিচালকগণকে সম্মিলিতভাবে ধারণ করা আবশ্যকীয়। কোম্পানির পরিচালনা পর্ষদ সভায় ৩০ শতাংশ শেয়ার ধারণের বিষয়ে আলোচনা অব্যাহত আছে।

২৪। **মানব সম্পদ ব্যবস্থাপনা ও উন্নয়ন ঃ** কর্মকর্তা কর্মচারীদের পেশাগত দক্ষতা ও সার্বিক মান ও সামর্থ্য বৃদ্ধির লক্ষ্যে কারিগরি, তথ্য প্রযুক্তিগত ও আধুনিক প্রশিক্ষণে প্রশিক্ষিত করে পেশাগত জ্ঞানে দক্ষ করে গড়ে তোলার পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। প্রশিক্ষিত জনবল উৎপাদন প্রক্রিয়ায় সার্বিক মান নিয়ন্ত্রনের মাধ্যমে গুনগতমান সম্পন্ন পণ্য উৎপাদন করে এবং গ্রাহক সেবা সমুন্নত রাখতে কোম্পানি আন্তরিক।

২৫। **প্রাথমিক গণপ্রস্তাব (আইপিও)/পুনঃগণপ্রস্তাব (আরপিও)/রাইটস অফার (আরও) ঃ** কোম্পানিতে আলোচ্য সময়ে প্রাথমিক গণপ্রস্তাব, পুনঃগণপ্রস্তাব ও রাইটস অফার সংক্রান্ত কার্যাদি সংগঠিত হয়নি।

২৬। পাবলিক ইস্যু অথবা রাইট ইস্যু হইতে প্রাপ্ত তহবিলের ব্যবহারঃ এ বছর কোন পাবলিক ইস্যু অথবা রাইট ইস্যু করা হয়নি।

২৭। **ত্রৈমাসিক ও বার্ষিক আর্থিক প্রতিবেদনের মধ্যে পরিবর্তন ঃ**

বিবরণ	১ম ত্রৈমাসিক	২য় ত্রৈমাসিক	৩য় ত্রৈমাসিক	৩০ জুন ২০২১ সমাপ্ত বছর
শেয়ার প্রতি আয়	(০.০৭)	(০.১১)	(০.৪৭)	(০.৮২)
শেয়ার প্রতি নীট সম্পদ মূল্য	(১৪.২৮)	(১৪.৩১)	(১৪.৭৬)	(১৫.০৯)
শেয়ার প্রতি নীট পরিচালন অর্থ প্রবাহ	০.৪৩	০.৬৪	০.১৭	০.১৪

i) উৎপাদন সাময়িক বন্ধ থাকায় বিক্রয় কম হওয়ায় EPS কমেছে। ii) বাঁকি আদায় কম এবং সরবরাহকারীদের পাওনা পরিশোধের ফলে NOCFPS কমেছে।

২৮। **প্রাতিষ্ঠানিক সুশাসন ঃ** আজিজ পাইপস্ লিঃ সর্বদাই সকল প্রকার আইন ও নীতিমালা এবং কর্পোরেট গভর্ন্যান্স কোড পরিপালনে অঙ্গীকারাবদ্ধ। প্রাতিষ্ঠানিক সুশাসন চলমান রাখার নিমিত্তে কোম্পানি বিএসইসি, ডিএসই, সিএসই ও অন্যান্য সরকারী সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নিয়ম ও আইনকানুন কঠোরভাবে পালন করে। বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড একচেঞ্জ কমিশন কর্তৃক জারীকৃত নোটিফিকেশন মোতাবেক কর্পোরেট গভর্ন্যান্স কোড পরিপালন সম্পর্কিত বিষয়ে ৩৯তম বার্ষিক সাধারণ সভায় শেয়ারহোল্ডারগণ কর্তৃক নিরীক্ষা প্রতিষ্ঠান মেসার্স এস.আর ইসলাম এন্ড কোং, চার্টার্ড একাউন্ট্যান্টস কে নিয়োগ করা হয়েছে।

২৯। **বহিঃনিরীক্ষক নিয়োগ ঃ** বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এর আদেশ নং-SEC /CMRRCD /2009-193/174/ Admin/ /61 তারিখ ০৮ জুলাই ২০১৫ অনুযায়ী বর্তমান নিরীক্ষক মেসার্স রহমান মোস্তফা আলম এন্ড কোং, চার্টার্ড একাউন্ট্যান্টস ২০২০-২০২১ আর্থিক বছরের জন্য নিরীক্ষক হিসেবে বার্ষিক সাধারন সভা কর্তৃক নিয়োগ প্রাপ্ত হয়েছিল। সে মোতাবেক ৪০তম বার্ষিক সাধারন সভায় অবসর গ্রহণ করবে। মেসার্স রহমান মোস্তফা আলম এন্ড কোং, চার্টার্ড একাউন্ট্যান্টস ২০২১-২০২২ আর্থিক বছরের

হিসাব নিরীক্ষার জন্য নিরীক্ষক হিসেবে পুনঃনিয়োগের জন্য ইচ্ছা প্রকাশ করেছে এবং পারিশ্রমিক বৃদ্ধির জন্য আবেদন করেছে। বিধি মোতাবেক উক্ত প্রতিষ্ঠানকে পুনরায় নিরীক্ষক হিসেবে নিয়োগ প্রদানে আইনগত বাধা নেই। গত বৎসরে তাদের পারিশ্রমিক ছিল ১,৫০,০০০/- টাকা। অডিট কমিটি কোম্পানির বর্তমান অবস্থা ও কোভিড-১৯ এর প্রার্দুর্ভাব এবং কিছুদিন উৎপাদন কার্যক্রম বন্ধ থাকার কারণ বিবেচনায় নিয়ে এ বছর পারিশ্রমিক বৃদ্ধি না করে পূর্বের পারিশ্রমিকে নিয়োগের সুপারিশ করেছেন।

পরিচালনা পর্ষদ অডিট কমিটির সুপারিশ, কোভিড-১৯ এর প্রাদুর্ভাব পরবর্তী অবস্থা ও নিরীক্ষকের আবেদন পর্যালোচনা করে নিরীক্ষা ফি বৃদ্ধি না করে, পূর্বের পারিশ্রমিক ১,৫০,০০০/- টাকায় মেসার্স রহমান মোস্তফা আলম এন্ড কোং, চার্টার্ড একাউন্ট্যান্টস কে ২০২১-২০২২ আর্থিক বছরের জন্য পুনরায় নিরীক্ষক হিসেবে নিয়োগ দানের জন্য বার্ষিক সাধারণ সভায় সুপারিশসহ উপস্থাপন করছে।

৩০। **৩০ জুন ২০২১ তারিখে সমাপ্ত আর্থিক বছরে Digital Platform এ অনুষ্ঠিতব্য ৪০তম ভার্চুয়াল বার্ষিক সাধারণ সভা যথাযথভাবে নিয়মনীতি পরিপালন করণ সম্পর্কিত বিষয়ে Independent Scrutinizer নিয়োগ প্রদান।**

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের Directive No. BSEC/CMRRCD/2009-193/08 তারিখ মার্চ ১০, ২০২১ অনুযায়ী কোম্পানির ৩০ জুন ২০২১ তারিখে সমাপ্ত আর্থিক বছরের Digital Platform এ অনুষ্ঠিতব্য ভার্চুয়াল বার্ষিক সাধারণ সভা যথাযথভাবে নিয়মনীতি পরিপালন করেছে কিনা, সে বিষয়ে Independent Scrutinizer নিয়োগ করতে হবে। উক্ত Independent Scrutinizer বার্ষিক সাধারণ সভায় উপস্থিত বা সংযুক্ত থেকে Voting সহ অন্যান্য কার্যাদি যথাযথভাবে পরিপালন বিষয়টি নিরীক্ষন করবে এবং বার্ষিক সাধারণ সভা শেষে যথাসময়ে কমিশন বরাবরে প্রতিবেদন দাখিল করবেন।

কোম্পানির ৪০তম বার্ষিক সাধারণ সভায় Independent Scrutinizer হিসেবে নিয়োগের জন্য আহবান জানালে পারিশ্রমিক উল্লেখ পূর্বক নিরীক্ষা প্রতিষ্ঠানসমূহের আবেদন এর উপরবিস্তারিত আলোচনা শেষে অডিট কমিটির সুপারিশ, কাজের পূর্ব অভিজ্ঞতা ও যোগ্য হওয়ায় এইচ এম এনাম এন্ড কোং, চ্যার্টার্ড একাউনটেন্টসকে নিরীক্ষন কার্যসম্পাদনের জন্য Independent Scrutinizer হিসেবে নিয়োগ প্রদান করা হয়েছে।

৩১। CGC **পরিপালন বিষয়ে নিরীক্ষক নিয়োগঃ** বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের নোটিফিকেশন নং-BSEC/CMRRCD/2006-158/207/Admin/80 তারিখ জুন ৩, ২০১৮ অনুযায়ী Corporate Governance Code সমূহ কোম্পানি পরিপালন করছে কিনা উক্ত বিষয়ে নিরীক্ষক বার্ষিক সাধারণ সভায় নিয়োগ করতে হবে। ২০২১-২০২২ আর্থিক বছরের CGC পরিপালন সম্পর্কিত বিষয়ে নিম্নলিখিত নিরীক্ষা প্রতিষ্ঠানগুলি নিরীক্ষক হিসেবে নিয়োগের জন্য আবেদন করেছে। নিম্নোক্ত প্রতিষ্ঠানসমূহের মধ্যে ১টি প্রতিষ্ঠানকে নিয়োগ দানের জন্য বার্ষিক সাধারণ সভায় উপস্থাপন করা হলো।

ক্রমিক নং	নিরীক্ষা প্রতিষ্ঠানের নাম	পারিশ্রমিক
১	আর্টিসান এন্ড কোং, চ্যার্টার্ড একাউনটেন্টস	২০,০০০/-
২	ইসলাম কাজী শফিক এন্ড কোং, চ্যার্টার্ড একাউনটেন্টস	২৫,০০০/-
৩	এইচ এম এনাম এন্ড কোং, চ্যার্টার্ড একাউনটেন্টস	৫০,০০০/-

৩২। **অডিট কমিটি ঃ** অডিট কমিটি তিনজন পরিচালক নিয়ে গঠিত। স্বতন্ত্র পরিচালক জনাব মোঃ নূরুল হক কমিটির চেয়ারপারসনের দায়িত্ব পালন করছেন। অডিট কমিটির উদ্দেশ্য হচ্ছে কোম্পানির অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা সুনির্দিষ্ট ও সূচারুরূপে পরিচালনা নিশ্চিত করা এবং পরিচালনা পর্ষদকে তথ্য প্রদান করে সহযোগিতা করা। তাছাড়াও বার্ষিক হিসাব বিবরণী ও ত্রৈমাসিক (Quarterly) হিসাব বিবরণীসমূহ পর্যালোচনা করে মতামতসহ পরিচালনা পর্ষদে উপস্থাপনের সুপারিশ করা। অডিট কমিটির প্রতিবেদন আর্থিক প্রতিবেদনের ১৭নং পাতায় প্রকাশ করা হয়েছে।

৩৩। **নমিনেশন অ্যান্ড রিমিউনারেশন কমিটি** (NRC) ঃ কোম্পানির বোর্ডে সাব কমিটি হিসেবে NRC দায়িত্ব পালন করছে। কমিটির TOR এবং পলিসি, NRC এর প্রতিবেদন, বার্ষিক প্রতিবেদনের ১৮ ও ১৯নং পাতায় প্রকাশ করা হয়েছে।

৩৪। **জাতীয় কোষাগারে অবদান ঃ** কোম্পানি আলোচ্য সময়ে জাতীয় কোষাগারে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে প্রায় ২.০০ কোটি টাকা কর/ভ্যাট/শুল্ক প্রদান করেছে।

৩৫। **আর্থিক বিবৃতির ক্ষেত্রে ব্যবস্থাপনা পরিচালক এবং প্রধান আর্থিক কর্মকর্তা (সিসি) আর্থিক প্রতিবেদনের দায়বদ্ধতা ঃ** আর্থিক বিবৃতি পরিক্ষা করা এবং সনদ প্রদান করা ব্যবস্থাপনা পরিচালক এবং প্রধান আর্থিক কর্মকর্তা এর দায়িত্ব। এ বিষয়ে ব্যবস্থাপনা পরিচালক এবং প্রধান আর্থিক কর্মকর্তা (সি.সি) অক্টোবর ২৮, ২০২১ তারিখে অনুষ্ঠিত পর্ষদ সভায় সনদ উপস্থাপন করেন, যা বার্ষিক প্রতিবেদনের ২১নং পাতায় Annexure-A তে সন্নিবেশিত করা হয়েছে।

৩৬। **ঝুঁকি ব্যবস্থাপনাঃ** আমাদের ব্যবসা প্রতিষ্ঠানের বাহ্যিক ও অভ্যন্তরীণ বিভিন্ন ঝুঁকি রয়েছে। ব্যাংক দায় পরিশোধের ক্ষেত্রে কোম্পানির ঝুঁকি রয়েছে। তাছাড়া চলতি মূলধনের অভাব, প্রতিযোগী কোম্পানির সাথে প্রতিযোগিতা, আইনী বিষয় ইত্যাদি ক্ষেত্রে ঝুঁকি মোকাবেলার জন্য কোম্পানি প্রস্তুতি নিতে হবে। কোভিড-১৯ এর প্রাদুর্ভাবে কাঁচামালের উচ্চ মূল্য ও চলতি মূলধনের অভাবে কোম্পানি সাময়িকভাবে কিছুদিন বন্ধ থাকায় মারাত্নক ঝুকির মধ্যে রয়েছে। আজিজ পাইপস্ লিমিটেড ঝুঁকিসমূহ মোকবেলায় সার্বক্ষণিক পর্যবেক্ষণের মধ্যে রয়েছে। কোম্পানি যথাযথ পদক্ষেপ গ্রহণ করে ঝুঁকিসমূহ কাটিয়ে উঠতে সমর্থ হবে বলে আশা করা যায়।

৩৭। **পরিচালনা পর্ষদের চেয়ারম্যান এবং প্রধান নির্বাহী কর্মকর্তা ঃ** পরিচালনা পর্ষদের চেয়ারম্যান এবং ব্যবস্থাপনা পরিচালক হিসেবে পৃথক পৃথক ব্যক্তি নিয়োজিত রয়েছেন।

৩৮। **কোম্পানি সচিব, প্রধান অর্থ কর্মকর্তা ও প্রধান অভ্যন্তরীণ নিরীক্ষা ও কমপ্লায়েন্স কর্মকর্তা ঃ** কোম্পানি সচিব, প্রধান অর্থ কর্মকর্তা ও অভ্যন্তরীণ নিরীক্ষা ও কমপ্লায়েন্স কর্মকর্তার পদসমূহে পৃথক পৃথক কর্মকর্তা নিয়োজিত রয়েছেন।

৩৯। **সামাজিক দায়বদ্ধতা ঃ** প্রাতিষ্ঠানিক সামাজিক দায়বদ্ধতার অংশ হিসেবে ফরিদপুরে মসজিদ উন্নয়নে সহায়তা অব্যাহত রয়েছে।

৪০। **পরিচালকদের সম্মানি ঃ** কোম্পানির পরিচালনা পর্ষদের চেয়ারম্যান মহোদয়কে মাসিক ১০,০০০/- টাকা সম্মানি প্রদান করা হয়। ইহাছাড়া স্বতন্ত্র পরিচালক ও অন্যান্য পরিচালকগন কেবলমাত্র পর্ষদ সভা ও সাব কমিটি সভায় উপস্থিতির জন্য সম্মানি পেয়ে থাকেন, তাঁদেরকে আর কোন সম্মানি প্রদান করা হয় না। উল্লেখ্য উদ্যোক্তা পরিচালক জনাব মোহাম্মদ আব্দুল হালিম সভায় উপস্থিতি সম্মানি নেয়না।

৪১। **দেশ ও বিশ্ব আর্থিক ও অর্থনৈতিক অবস্থা ঃ** কোভিড-১৯ করোনা ভাইরাসের প্রাদূর্ভাবে গত ২ বছর আমাদের জীবন যাত্রা, ব্যবসা বাণিজ্য, সামাজিক নিরাপত্তাসহ বিভিন্ন প্রতিবন্ধকতার মধ্যে চলতে হয়েছে। বিশ্ব অর্থনীতিতে এর প্রভাব আরও ভয়াবহ রূপ নিয়েছে, বিশেষ করে প্লাষ্টিক খাতের প্রতিষ্ঠানগুলি। পিভিসি উৎপাদিত পণ্যের কাঁচামালের (Resin) দরবৃদ্ধি পেয়েছে প্রায় ৯০ শতাংশ। নানা প্রতিকূলতা থাকাসত্ত্বেও বিরূপ প্রতিক্রিয়া থেকে আশাব্যঞ্জক অবস্থায় বিশ্ব অর্থনীতি তার গতিশীলতা ফিরে পাবে বলে আশা করা যায়।

৪২। **ক্ষুদ্র বিনিয়োগকারীদের স্বার্থরক্ষা ঃ** কোম্পানি CGC ও তার আইনানুগ কার্যসীমার মধ্যে পরিচালিত হয় এবং ক্ষুদ্র বিনিয়োগকারীগণ কন্ট্রোলিং শেয়ারহোল্ডারগণের যেকোন প্রত্যক্ষ্য ও পরোক্ষ ক্ষতিকর কার্যকলাপ থেকে সুরক্ষিত। তদুপরি যে কোন অনাকাংখিত ঘটনার জন্য যথযথ প্রতিকারের ব্যবস্থা কোম্পানিতে রয়েছে।

৪৩। **আর্থিক ফলাফলের অবস্থা ও অন্যান্য ডাটা ঃ** ৩০ জুন ২০২১ তারিখে সমাপ্ত বছর ও বিগত পাঁচ বৎসরের আর্থিক ফলাফলের অবস্থা ও অন্যান্য ডাটা চিত্র নিম্নে তুলে ধরা হলোঃ

(টাকায়)

Particulars	30 June, 2021	30 June, 2020	30 June, 2019 (Restated)	30 June,2018	30 June, 2017
Financial Position & Others Data:					
Total Assets	350,562,050	436,862,966	475,243,447	467,328,777	320,327,287
Total Non-Current Assets	249,740,427	254,597,932	261,184,330	256,125,848	85,612,179
Total Current Assets	100,821,622	182,265,034	214,059,117	211,202,929	234,715,108
Shareholder Equity	(80,704,973)	(76,042,917)	(73,954,068)	(93,748,865)	(260,473,347)
Total Liabilities	550,915,619	512,905,884	549,197,516	561,077,642	580,800,634
Total Non-Current Liabilities	431,267,023	350,365,873	386,963,590	412,953,485	439,949,885
Total Current Liabilities	119,648,596	162,540,011	162,233,926	148,124,157	140,850,749
Authorized Capital	500,000,000	500,000,000	500,000,000	500,000,000	500,000,000
Paid-up Capital	53,471,250	53,471,250	53,471,250	50,925,000	48,500,000
Dividend Recommended	No Dividend	1% Cash	7% Cash	5% Stock	5% Stock
Current Ratio	.84	1.11	1.32	1.43	2.20
Debt Equity Ratio	(5.34)	(6.74)	(6.18)	(5.98)	(2.23)
Gross Margin Ratio	11%	14%	11%	12%	11%
Net Assets Value per share	(15.09)	(14.22)	(13.83)	(18.41)	(53.71)
Net Operating Cash Flows Per Share	0.14	8.02	10.51	7.60	9.44
Earnings per share	(0.82)	.26	.91	.70	.57

৪৩। **কর্পোরেট গভর্নেন্স কমপ্লায়েন্স রিপোর্ট ঃ** বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের ৩ জুন ২০১৮ তারিখের Corporate Governance Code অনুযায়ী "কর্পোরেট গভর্নেন্স কমপ্লায়েন্স রিপোর্ট" Annexure-B ও C বার্ষিক প্রতিবেদনের ১৯ ও ২০নং পাতায় প্রকাশ করা হয়েছে।

৪৪। **কৃতজ্ঞতা স্বীকার ঃ** পরিশেষে, সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দ, ক্রেতাবর্গ, ডিলারগণ, সরবরাহকারী, কর্মকর্তা কর্মচারীবৃন্দ, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, ঢাকা স্টক এক্সচেঞ্জ লিঃ, চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিঃ এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বিভিন্ন এজেন্সীকে আজিজ পাইপস্ লিঃ কে সকল প্রকার সহযোগিতা করার জন্য কোম্পানির পরিচালকবৃন্দ কৃতজ্ঞতা প্রকাশ ও ধন্যবাদ জ্ঞাপন করছে। কোভিড-১৯ করোনা ভাইরাসের প্রাদুর্ভাবে কোম্পানি মারাত্মকভাবে আর্থিক ক্ষতিগ্রস্থ হয়েছে এবং নানা প্রতিকূলতায় সার্বিক কার্যক্রম সংকোচিত করেছে। দৃঢ়তার সাথে বিরূপ প্রতিকূলতাগুলি অনুকূলে নিয়ে চলতি মূলধন সংগ্রহের মাধ্যমে কোম্পানির প্রবৃদ্ধি ও মুনাফা অর্জনের প্রচেষ্টা অব্যাহত রেখে আগামি সময়ে সাফল্যের ধারায় ফিরবে বলে দৃঢ়ভাবে আশাবাদ ব্যক্ত করছি। মহান আল্লাহ্পাক আমাদের সহায় হোন।

ধন্যবাদান্তে,

পরিচালনা পর্ষদের পক্ষে,

(হাছিনা আক্তার)

চেয়ারপারসন